গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
সেগুনবাগিচা, ঢাকা।
ই-মেইল: nbrclassification@gmail.com

মোঃ শফিকুর রহমান
সিনিয়র ম্যানেজার
জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।

নথি নং-০৮.০১.০০০০.০৫৪.০১.০০৩.১৮/৮৮ তারিখ: ৩০ সেপ্টেম্বর, ২০১৯ খ্রিঃ

**বিষয়ঃ আমদানিকৃত Synthetic Fibre এর শ্রেণীবিন্যাসকরণ ও H.S Code নির্ধারণ।**

সূত্র: (১) কাস্টম হাউস চট্টগ্রামের পত্র নথি নং-৬৪/ডিসি আনস্টাফিং/অনিয়ম/গেইট-০৩/২০১৯ তারিখ: ২০/০৮/২০১৯ খ্রি:
(২) Sea Lim Trading Co. Ltd. এর আবেদন নং-নাই, তারিখ: ২২/০৮/২০১৯ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রতি দৃষ্টি আকর্ষণপূর্বক আদিষ্ট হয়ে জানানো যাচ্ছে যে, আমদানিকারক Sea Lim Trading Co. Ltd. কর্তৃক Synthetic Fibre এর H.S. Code-5402.49.00 ঘোষণায় আমদানিকৃত পণ্য কাস্টম হাউস, চট্টগ্রামের মাধ্যমে খালাসের লক্ষ্যে বি/ই ৮৪৮৪২ তারিখ : ১৪/০১/২০১৯ দাখিল করে।

২। পর্যালোচনায় দেখা যায় যে পণ্যচালানটি খালাসকালে সম্পাদিত কায়িক পরীক্ষায় উক্ত পণ্যের স্থলে Artificial Hair পাওয়ায় অসত্য ঘোষণার কার্যক্রম গ্রহণ করা হয়। তবে পণ্যের বর্ণনা ও শ্রেণীবিন্যাস বিষয়ে আমদানিকারকের দ্বিমত থাকায় পণ্যটির রাসায়নিক পরীক্ষা সম্পাদনপূর্বক এ্যাসেসমেন্ট কমিটির মাধ্যমে শ্রেণীবিন্যাস সংক্রান্ত জটিলতা নিরসনের প্রচেষ্টা গ্রহণ করা হয়। এ বিষয়ে এ্যাসেসমেন্ট কমিটি H.S.Code-6703.00.00 মর্মে সিদ্ধান্ত গ্রহণ করলেও আমদানিকারকের দ্বিমত থাকায় পণ্যচালানটি ব্যাংক গ্যারান্টির বিপরীতে সাময়িক শুল্কায়নপূর্বক ছাড় প্রদান করে কাস্টম হাউস কর্তৃক পণ্যের সঠিক শ্রেণীবিন্যাস বিষয়ে সিদ্ধান্ত চেয়ে জাতীয় রাজস্ব বোর্ডে সূত্র (১) পত্রটি প্রেরণ করে। তবে উক্ত পণ্যের ঘোষিত H.S. Code বলবৎ রাখার বিষয়ে আমদানিকারক কর্তৃক জাতীয় রাজস্ব বোর্ডে সূত্র (২) এর আবেদনটি দাখিল করা হয়। কাস্টম হাউসের বক্তব্য, আমদানিকারকের যুক্তি, পণ্যের ক্যাটালগ, সরবরাহকৃত নমুনা, কায়িক পরীক্ষার প্রতিবেদন, Bangladesh Customs Tariff এবং Explanatory Notes এর সংশ্লিষ্ট বিধিবিধানসহ সংশ্লিষ্টদের উপস্থিতিতে বিগত ০৪/০৯/২০১৯ তারিখে এ সংক্রান্ত একটি সভা জাতীয় রাজস্ব বোর্ডে অনুষ্ঠিত হয়।

৩। কাস্টম হাউসের বক্তব্য মতে পণ্যের ঘোষণা ও রাসায়নিক পরীক্ষার প্রতিবেদন অনুযায়ী পণ্যটি Synthetic Fibre হলেও Explanatory Notes ব্যাখানুযায়ী পণ্যটি 67.03 হেডিংভুক্ত। কেননা উক্ত হেডিং এ This heading includes wool, other animal hair (e.g., the hair of the yak, angora or Tibetan goat) and other textile materials (e.g. man-made fibers), prepared for use in making wigs and the likes or dolls' hair মর্মে ব্যাখ্যা প্রদান করা হয়েছে যা আলোচ্য ক্ষেত্রে প্রযোজ্য। অপর দিকে আমদানিকারকের বক্তব্য অনুযায়ী রাসায়নিক পরীক্ষায় Synthetic Fibre পাওয়ায় পণ্যটির ঘোষণার যথার্থতা নিশ্চিত হয়েছে। তাছাড়া পণ্যটির ব্যবহার Synthetic Wig তৈরিতে। দীর্ঘদিন যাবত পণ্যটি ঘোষিত এইচ,এস কোড এ শুল্কায়িত হয়ে আসছে। তাছাড়া পণ্যের এইচ.এস কোড পরিবর্তন হলে বিদেশী রপ্তানিকারক পরিবর্তিত কোডে পণ্যের আলোচ্য ঋণপত্র গ্রহণ করবে না।

৪। Bangladesh Customs Tariff (BCT), General Rules for Interpretation of the Harmonized System (GIR) এবং Explanatory Notes এর ব্যাখ্যা পর্যালোচনায় দেখা যায় যে হেডিং নং 54.02 এ Synthetic Filament Yarn কে অন্তর্ভুক্ত করা হয়েছে। তবে হেডিং 67.03 এ প্রদত্ত ব্যাখ্যার সাথে অনুচ্ছেদ ক্রমিক (3) এ বলা হয়েছে যে Products prepared for the above purposes include, in particular: (3)"Wefts" consisting of man-made fibres dyed in the mass, folded in two to form tufts which are bound together, at the folded ends, by a machine-made plait of textile yarns approximately 2 mm wide. These "wefts" have the appearance of a fringe in the length.' অর্থাৎ, এ হেডিংভুক্ত কৃত্তিম তন্তু (ওয়েফট) রং করা অবস্থায়, গুচ্ছ তৈরির জন্য দুইটি প্রান্ত কমবেশী ২ মি.মি. চওড়া কাপড়ের দুই প্রা্ন্তে ভাজ করা অবস্থায় বিন্যস্ত থাকবে। আলোচ্য ক্ষেত্রে আমদানিকারক কর্তৃক উপস্থাপিত পণ্যের নমুনা পর্যালোচনায় উক্ত বৈশিষ্ট্য সম্পন্ন পাওয়া যায়নি। দৃশ্যত পণ্যটির দুই প্রান্ত কেটে আলাদা করা। প্রতিটি কার্টুনে একগুচ্ছ তন্তু রয়েছে যার দুইটি প্রান্ত বেধে রেখে তন্তুর বিন্যাস ঠিক রাখা হয়েছে। তন্তুগুচ্ছের প্রতিটির দৈর্ঘ্য 266.7 মিটার ও উপস্থাপিত কার্টুনের নেট ওজন

25 কেজি। ফলে স্পষ্টতই আলোচ্য পণ্য হেডিং নং-67.03 এর ব্যাখ্যার সাথে সামঞ্জস্যপূর্ণ নয় বরং তা হেডিং নং 54.02 এর ব্যাখ্যার সাথে সামঞ্জস্যপূর্ণ।

৫। এমতাবস্থায়, General Rules for Interpretation Harmonized System (GIR) এর অনুচ্ছেদ 3(a) অনুযায়ী আলোচ্য ক্ষেত্রে আমদানিকৃত Synthetic Fibre Bangladesh Customs Tariff এর H.S. Code-5402.49.00 এ শ্রেণীবিন্যাসযোগ্য। সে আলোকে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

স্বাক্ষরিত/-
২৬/০৯/২০১৯ খ্রিঃ
(সৈয়দ গোলাম কিবরীয়া)
সদস্য (শুল্ক নীতি ও আইসিটি)

**প্রাপক :**
কমিশনার
কাস্টম হাউস, চট্টগ্রাম

নথি নং-০৮.০১.০০০০.০৫৪.০১.০০৩.১৮/৮৮ ( ০২ ) তারিখ: ৩০ সেপ্টেম্বর, ২০১৯ খ্রিঃ

**অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। পিএস টু চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড, সেগুনবাগিচা, ঢাকা।
২। সিস্টেমস ম্যানেজার, জাতীয় রাজস্ব বোর্ড, সেগুনবাগিচা, ঢাকা (Website-এ প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
৩। প্রথম সচিব (শুল্ক নীতি), জাতীয় রাজস্ব বোর্ড, সেগুনবাগিচা, ঢাকা।
৪। পিএটু সদস্য (শুল্ক নীতি ও আইসিটি), জাতীয় রাজস্ব বোর্ড, সেগুনবাগিচা, ঢাকা।
৫। Sea Lim Trading Co. Ltd. West Shoilodubi, Kashimpur, Joidevpur, Gazipur, Dhaka-1346।

৩০/০৯/১৯
(মোঃ জাহাঙ্গীর আলম)
দ্বিতীয় সচিব
কাস্টমস: ক্লাসিফিকেশন এন্ড এ্যাডভান্স রুলিং